সংবাদ

তারিখ 17 MAR 2008
পৃষ্ঠা ৫ কলাম ৬

# সরিষাবাড়ীতে প্রধান শিক্ষিকার বিরুদ্ধে ২২ ছাত্রীর উপবৃত্তির টাকা কেটে নেয়ার অভিযোগ

**প্রতিনিধি, সরিষাবাড়ী (জামালপুর)**

উপজেলার ডোয়াইল ইউনিয়নের চাপারকোণা মনিজা আবুল বালিকা উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষিকার বিরুদ্ধে ৮ম ও ৯ম শ্রেণীর ২২ ছাত্রীর উপবৃত্তির টাকা কেটে নেয়ার অভিযোগ পাওয়া যায়।

অভিযোগে প্রকাশ চাপারকোণা মনিজা আবুল বালিকা উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষিকা আজমেরী বেগম ওই বিদ্যালয়ের ২২ জন ৮ম ও ৯ম শ্রেণীর ছাত্রীর প্রত্যেকের কাছ থেকে উপবৃত্তির ৩০০-৪০০ টাকা কেটে নেয়ার অভিযোগ পাওয়া যায়। ৯ম শ্রেণীর ছাত্রী পারভীন আক্তার জানান, ব্যাংক থেকে ৮১০ টাকা পেলেও কয়েক মিনিট পরেই ৪০০ টাকা কর্তন করে আমাকে ৪১০ টাকা দেয়া হয়।

এ বিষয়ে প্রধান শিক্ষিকা তাকে বলেন, ওপরে টাকা না দিলে উপবৃত্তি থেকে নাম কাটা পরবে। ৮ম শ্রেণীর ছাত্রী রাজিনা আক্তার জানান, ৭৮০ টাকা উপবৃত্তি পেলেও তাকে ৩৫০ টাকা দেয়া হয়। প্রধান শিক্ষিকা তাকে বলেছে, ওপরে ঘুষ দেয়া লাগবে, সেই জন্য এই টাকা কেটে রাখলাম।

বিদ্যালয়ের সভাপতি ও উপজেলা নির্বাহী কর্মকর্তা জাকারিয়া জানান, এ বিষয়ে তিনি কিছু জানে না। ওই বিদ্যালয়ের সহসভাপতি শাহে আকরাম জানান, বিষয়টি তিনি দেখবেন। উপজেলা মাধ্যমিক অফিসার আবদুল বাতেন জানান, এই মহিলা খুব টাউট প্রকৃতির। চাপারকোণা মনিজা আবুল বালিকা উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষিকা আজমেরী বেগম জানান, ছাত্রীদের উপবৃত্তির টাকা থেকে নেয়া টাকা ফেরত দেয়া হবে।